## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৬ই মাঘ বুধবার ১৩৬০ ইংরাজী 20th Jan, 1954 | ৩৪শ সংখ্যা






ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

**নূতন বীমা**
**১৬,৩৮,৭৯,২৯৮৲**

| | |
|---|---|
| মোট চলতি বীমা | ৮৬,৭১,৮৫,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৪৯,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২১,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৮,৮২,২৭১৲ |

*হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।*

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৬ই মাঘ বুধবার সন ১৩৬০ সাল

# বাংলার সাংবাদিকদের বরাত

—•—

শ্রীমতী কৃষ্ণা হাতী সিং ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহেরুর ভগিনী। গত ১০ই জানুয়ারী রবিবার অপরাহ্ণ ৫টার সময় কেন্দ্রীয় সমাজকল্যাণ বোর্ড কর্ত্তৃক গঠিত শিশুকল্যাণ উপদেষ্টা মণ্ডলীর সাংবাদিক সম্মেলনে যোগদানের জন্য পশ্চিম বঙ্গের প্রচার অধিকর্ত্তার পক্ষ হইতে আমন্ত্রণ পাইয়া কলিকাতার বিভিন্ন সংবাদপত্র ও সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ রাইটার্স বিল্ডিংসের রোটাণ্ডা হলের নিকট সমবেত হইতে থাকেন। পাঁচটা বাজিবার মিনিট চার পাঁচেক বাকি থাকিতে, তাঁহাদের জানান হয়, যে আধঘণ্টা পর সাংবাদিক সম্মেলন আরম্ভ হইবে। কারণ তখনও হলে উপদেষ্টা মণ্ডলীর সভা হইতেছিল। সাংবাদিকগণ তাঁহাদের জন্য রাইটার্স বিল্ডিংসে যে স্থান আছে সেই স্থানে গিয়া বসেন। মিনিট পনর পর তাঁহাদের ডাকিয়া পাঠানো হয়।

এইবার সাংবাদিকগণ ভিতরে প্রবেশ করিতে আরম্ভ করিলে অপর একটি মহিলাসহ শ্রীমতী কৃষ্ণা হাতী সিং বাহির হইয়া আসেন। তিনি জিজ্ঞাসা করেন—"আপনারা কে? কি চান? কোথায় যাইতেছেন? ভিতরে যাইবেন না।" সাংবাদিকগণ—সাংবাদিক সম্মেলনে যাইবেন বলিবামাত্র শ্রীমতী হাতী সিং বলেন—"সেখানে কোন সাংবাদিক সম্মেলনের কথা নাই।" তারপর তিনি জানান—তিনি চেয়ারম্যান, সাংবাদিকদের কিছু জিজ্ঞাস্য থাকিলে তাঁহাকে জিজ্ঞাসা করিতে পারেন। বেয়ারাদের বসিবার জন্য ছোট দুটি বেঞ্চের দিকে অঙ্গুলি দেখাইয়া তিনি সাংবাদিকদের বসিতে বলেন। শ্রীমতী হাতী সিং নিজে চেয়ারেই বসিয়াছিলেন।

সাংবাদিকগণ তাঁহাকে বেঞ্চগুলির স্বল্পপরিসর ও ওখানে বসিয়া লেখার অসুবিধা বলায় তিনি বলেন—আপনারা ওখানে বসিতে পারেন না? আমি রাস্তার ফুটপাতে সাংবাদিক সম্মেলন করিতে পারি, আর আপনারা ওখানে বসিতে পারেন না?

সাংবাদিকগণের একজন পুনরায় অল্পপরিসর স্থান আর লেখার অসুবিধার কথা বলিতেই শ্রীমতী হাতী সিং বলেন—'কেন লিখিতে পারিবেন না? কি হইয়াছে? আপনাদের কিছু জিজ্ঞাস্য না থাকিলে চলিয়া যাইতে পারেন।"

সাংবাদিকগণ চলিয়া যাইতেছেন দেখিয়া শ্রীমতী হাতী সিং একেবারে ক্রোধান্ধ হইয়া পড়েন। তিনি বাঙ্গালীর স্বভাব ও বাঙ্গলার সংবাদপত্রের প্রতি কটূক্তি করিয়া সদর্পে বলিয়া উঠেন—'আপনারা বাঙ্গালার সংবাদপত্রের ঐতিহ্য রক্ষা করিয়াছেন। আমি আজ রাত্রেই এই বিষয়ে বিবৃতি দিব। বাঙ্গালীর কাজ করিবার ধরণই এই রকম।" বলিতে বলিতে তিনি হলে প্রবেশ করেন।

হায় বাঙলা! তোমার অদৃষ্ট! একদিন ইংরাজ রাজত্বে ইংরাজ অধ্যাপক বাঙ্গালীর প্রতি অশোভন উক্তি করিয়া তাঁহার ছাত্র, যিনি উত্তরকালে নেতাজী নামে সারা দুনিয়ায় স্বীয় কীর্ত্তি ধ্বজা উড়াইয়াছেন, তাঁহার নিকট সমুচিত শিক্ষাপ্রাপ্ত হইয়াছিলেন। শ্রীমতী হাতী সিং শিক্ষিতা মহিলা, এই কি তাঁহার শিক্ষার নমুনা!

আজ কলিকাতার উপকণ্ঠে কল্যাণীতে গরীব দেশের কলেজা নিংড়ানো মুদ্রা ব্যয় করিয়া মহাসমারোহে যে কংগ্রেসের ৫৯তম অধিবেশন হইতেছে, স্বাধীন ভারতের প্রধান মন্ত্রী শ্রীমতীর জ্যেষ্ঠ সহোদর শ্রীজহরলাল নেহেরু নির্ভয়ে হাস্যবদনে সভাপতির আসন অলঙ্কৃত করিতেছেন। ৫৯ বৎসর পূর্ব্বে প্রবল পরাক্রান্ত ইংরাজ রাজ্যে ১৮৮৫ খৃষ্টাব্দে কংগ্রেসের প্রথম অধিবেশনে সারা ভারতে সভাপতিত্ব করিবার লোক মিলে নাই। শ্রীমতী হাতী সিং-নিন্দিত বাঙ্গলার ছেলে ৺উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ডবলিউ. সি. ব্যানার্জি) বাঙলা হইতে বোম্বাই গিয়া তখনকার ভীতিজনক সভাপতিত্ব করিয়া ভারতের মান রাখিতে সমর্থ হইয়াছিলেন।

হাতী সিং বংশের যে ভদ্রকন্যা শ্রীমতী হাতী সিং-বিনিন্দিত বাঙ্গালী বংশের শ্রীসৌমেন্দ্রনাথ ঠাকুরকে পতিত্বে বরণ করিয়াছেন, তিনি কি শ্রীমতী কৃষ্ণা হাতী সিংএর সম্পর্কীয়া নন?

শ্রীমতী হাতী সিং যাঁহাদের উপর কটূক্তি করিয়াছেন, তাঁহারা সংবাদপত্রের মালিকদের মাহিনা করা লোক। নামে EDITOR হইলেও তাঁহারা AID-EATER বলিলেই যেন ঠিক হয়। মালিকরা মারও খান না, গালাগালিও খান না, তাঁহারা এ সবের জন্য এই বেচারাদের ভাড়া করিয়া রাখিয়াছেন। মালিকদের বেয়ারাদের বেঞ্চে বসাইবার সুযোগ শ্রীমতী কখনও পাইবেন না। তাঁহাদের কেউ বা M.P. কাহারো ছেলে M.L.A. উপমন্ত্রী শ্রীমতীর নাগালের বাহিরে। তাঁহারা শ্রীমতীর গালাগালিকে "অমৃতং স্নেহভাষিতং" বলিয়া গ্রহণ করেন। শ্রীমতীর অগ্রজের কংগ্রেস ভাষণ লিখিয়া লইবার জন্য, যাঁহাদের গতপূর্ব্ব রবিবার অপমান করিলেন, তাঁহারাই যাইতে বাধ্য হইবে।

## অনাবৃত খাদ্যদ্রব্য

জঙ্গিপুরের মহকুমা পুলিশ অফিসার জানাইয়াছেন—সহরে মাঝে মাঝে কলেরা রোগ হইতেছে এবং বসন্ত রোগ হওয়ার আশঙ্কাও আছে। এই সহরের খাদ্যদ্রব্য বিক্রেতাগণ মুড়ি, মুড়কি, মিষ্টি ও তেলেভাজা অনাবৃত রাখায় উহাতে ধূলা বালী উড়িয়া পড়ে, মাছি বসে—ইহাতে জনসাধারণের স্বাস্থ্যহানির সমূহ আশঙ্কা আছে। উক্ত কার্য্য সম্পূর্ণ বে-আইনী। পুলিশ বিনা ওয়ারেণ্টে অপরাধিগণকে গ্রেপ্তার করিতে পারিবে। বিচারে জেল ও জরিমানা উভয় দণ্ডই হইতে পারে। স্থানীয় খাদ্যদ্রব্য বিক্রেতাগণ ও ফেরিওয়ালারা এ বিষয়ে সতর্কতা অবলম্বন করুন।

## সাইকেল রিক্সা

দিন কয়েক হইতে রঘুনাথগঞ্জ সহরে দুইখানি সাইকেল রিক্সা চলাচল করিতেছে। যাত্রী লইয়া জঙ্গিপুর রোড রেল ষ্টেশনেও যাইতেছে। সাইকেল রিক্সা স্থায়ীভাবে চলিলে জনসাধারণের সুবিধা হইবে এই বিষয়ে সন্দেহ নাই।

## রায়গড়

নাট্যশালা নির্ম্মাণকল্পে গত ৯ই ও ১০ই জানুয়ারী স্থানীয় "সবুজ সথা" কর্তৃক ছায়াবাণী টকি হাউসে শ্রীমহেন্দ্র গুপ্ত রচিত "রায়গড়" নাটক সাফল্যের সঙ্গে অভিনীত হয়। নাটকটী প্রযোজনা করেন জঙ্গিপুর সাবডিভিসনাল ষ্টেজ কমিটি। রূপসজ্জার ভার গ্রহণ করেন কলিকাতার বিখ্যাত রূপসজ্জাকর মেসার্স "রায় ব্রাদার্স"। ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করেন সবুজ সথার পরিচালকবর্গ। অভিনয়ে পেড্রোর ভূমিকায় বিশ্বনাথ দাসের অভিনয় সর্বজন-প্রশংসাধন্য হয়। তারপর উল্লেখযোগ্য রামাই ঢুলির ভূমিকায় কিরণ বিশ্বাস ও রাণী ইন্দ্রাণীর ভূমিকায় সত্যনারায়ণ চন্দ্র। ২।১টী ভূমিকা বাদে অন্যান্য ভূমিকাগুলি চলনসই। দোষ ত্রুটি থাকা সত্ত্বেও মোটের উপর নাটকটী দর্শকবৃন্দের পরিতৃপ্তি দান করিয়াছে।

---

## যাত্রী সমাগম

চূড়ামণি যোগে গঙ্গাস্নান-মানসে রাঢ় অঞ্চল হইতে বহু হিন্দু নরনারী গোগাড়ীসহ রঘুনাথগঞ্জে আগমন করেন। সকাল হইতে বাতাস ও বৃষ্টি আরম্ভ হওয়ায় যাত্রিগণের বিশেষ অসুবিধা হইয়াছে। শীতকালের বৃষ্টিতে ভিজিয়া তাঁহারা অবর্ণনীয় কষ্ট-ভোগ করিয়াছেন।

---

## শ্রাদ্ধানুষ্ঠান ও দরিদ্রনারায়ণ সেবা

বিগত ৩০শে পৌষ বৃহস্পতিবার কাঞ্চনতলার স্বনামধন্য জমিদার শচীন্দ্রনাথ রায় মহাশয়ের শ্রাদ্ধা-নুষ্ঠান যথারীতি সম্পন্ন হইয়াছে। প্রায় আড়াই হাজার দরিদ্রনারায়ণকে লুচি ও মিষ্টান্নাদিসহ পরি-তৃপ্ত সহকারে ভোজন করাইয়া তাহাদের প্রত্যেককে দুই আনা হিসাবে পয়সা দেওয়া হয়।

পরদিন নিমন্ত্রিত হিন্দু ও মুসলমান ভদ্রমহোদয়-গণকে সমাদরে আপ্যায়িত করিয়া ভোজন করান হয়। তাঁহার সুযোগ্য পুত্র সমরেন্দ্র বাবুর মধুর আপ্যায়নে সকলে প্রীত হইয়াছিলেন।

---

## শোক-সংবাদ

গত ৩০শে পৌষ বৃহস্পতিবার রাত্রি ৮৷৷০ ঘটিকার সময় রঘুনাথগঞ্জের রাধিকাপ্রসাদ ভকত মহাশয় করোনারী থ্রম্বসিস রোগে আক্রান্ত হইয়া পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৫১ বৎসর হইয়াছিল। তিনি স্থানীয় লোকহিতকর কার্য্যে আগ্রহসহকারে যোগদান করিয়া তৎপরতার সহিত তাহা সুনির্ব্বাহ করিতেন। তিনি স্ত্রী, এক পুত্র ও দুই কন্যা রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোক-সন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করি।

---

গত ৩রা মাঘ রবিবার প্রাতে রঘুনাথগঞ্জ হাই স্কুলের হেড পণ্ডিত শ্রীঅবনীশঙ্কর ভট্টাচার্য্য মহা-শয়ের সহধর্ম্মিণী হাঁপরোগে হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হইয়া পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তিনি স্বামী, একমাত্র পুত্র ও দুই কন্যা রাখিয়া গিয়াছেন। পুত্র মিলন মায়ের ঔর্দ্ধদেহিক ক্রিয়া সম্পন্ন করে। ভট্টাচার্য্য মহাশয় সন্তানগুলিকে লইয়া খুব বিব্রত হইয়াছেন। আমরা বিয়োগব্যথাতুর পরিবারের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## গঙ্গাস্নানার্থিনীর মৃত্যু

বীরভূম জেলার মুরারই থানার অন্তর্গত পাটাগাছি গ্রামের একজন বয়স্কা হিন্দু বিধবা চূড়া-মণি যোগে গঙ্গাস্নান করিবার জন্য তাঁহার প্রতি-বেশিনীদের সঙ্গে পদব্রজে রঘুনাথগঞ্জ আসেন। বরদা ঘাটে স্নান করার পর অতিরিক্ত ঠাণ্ডার জন্য তাঁহার হাত-পা অবশ হওয়ার অল্পক্ষণ মধ্যেই তিনি অজ্ঞান হন। খবর পাইয়া ডাক্তার শ্রীশম্ভুনাথ সরকার, এম-বি উক্ত স্থানে গমন করিয়া তাঁহাকে ইন্‌জেকশন দেন। বৈকালে তাঁহার মৃত্যু হয়। স্থানীয় জন-গণের সমবেত চেষ্টায় হরিনাম সংকীর্ত্তনসহ মৃতার শব সৎকার করা হয়।

---

## পরলোকে

অগ্নিযুগের বিপ্লবী নেতা, পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য শ্রীবিপিনবিহারী গাঙ্গুলী বৃহস্পতিবার রাত্রি ৮ ঘটিকার সময় হঠাৎ করোনারী থ্রম্বসিস্ রোগে আক্রান্ত হইয়া ৬৭ বৎসর বয়সে দেহত্যাগ করিয়া-ছেন। কল্যাণী কংগ্রেস নগর পরিদর্শন করিয়া ফিরিবার পথে এই রোগে আক্রান্ত হন। ১৯০৫ অব্দে যে বিপ্লবী আন্দোলন হয় তিনি তাহার অন্যতম নায়ক ছিলেন। বর্ত্তমানে কংগ্রেসের এম. এল. এ. ছিলেন। কল্যাণী কংগ্রেসের পূর্ব্বে বঙ্গমাতার এই সন্তান বিয়োগ এক অকল্যাণীয় ব্যাপার। শুক্রবার অপরাহ্ণ তিনটায় নিমতলা ঘাটে তাঁহার শেষকৃত্য সমাপ্ত হয়। বহু গণ্যমান্য ব্যক্তি তাঁহার প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন।

---

## বিজ্ঞপ্তি

বহরমপুর পৌরসভার কমিশনারবৃন্দ বহরমপুর মিউনিসিপ্যালিটির অধীনস্থ হাট বাজার, কোর্ট কাছারী, ব্যাঙ্ক, স্কুল, কলেজ ও রেল ষ্টেশনের অতি সন্নিকটস্থ ৮-৭৩ আট একর তিয়াত্তর শতক জমি বাসগৃহ বাগ বাগিচা ইত্যাদি নির্ম্মাণের উপযুক্ত বিভিন্ন প্লট অনুসারে প্রতি প্লটের সর্ব্বোচ্চ দরে নিলাম খরিদ্দারকে বার্ষিক কাঠা পিছু ১৲ এক টাকা মাত্র খাজনায় বন্দোবস্ত দিতে ইচ্ছুক। জমির প্ল্যান ও প্লটের নক্সা যে কোন দিন (ছুটির দিন ব্যতীত) বেলা ১১টা হইতে ৪ ঘটিকার মধ্যে প্রদর্শনের জন্য বহরমপুর পৌর-সভা অফিসে রক্ষিত হইয়াছে। খরিদেচ্ছুক ব্যক্তিগণকে নিলাম খরিদ জন্য আগামী সন ১৯৫৪ সালের ১৪ই ফেব্রুয়ারী বেলা ১২ ঘটিকার সময় বহরমপুর পৌর-সভা অফিসে হাজির হইতে অনুরোধ করা যাইতেছে। ইতি—৭।১।৫৪

স্বাক্ষর—শ্রীমনোরঞ্জন সেন
চেয়ারম্যান
বহরমপুর মিউনিসিপ্যালিটী।

## শোক সভা

শ্রীরাধিকাপ্রসাদ ভকতের মৃত্যুতে রঘুনাথগঞ্জ দেশবন্ধু-যতীনদাস পাঠাগারের এক বিশেষ অধিবেশনে নিম্নলিখিত প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :—

রঘুনাথগঞ্জ সহর নাট্য-সংঘের বহুদিনের বিশিষ্ট কর্মী এবং একনিষ্ঠ সেবক শ্রীরাধিকাপ্রসাদ ভকতের আকস্মিক অকালমৃত্যুতে এই সভা গভীর শোক প্রকাশ করিতেছে। তাঁহার মৃত্যুতে রঘুনাথগঞ্জ নাট্যসংঘের যে ক্ষতি হইল তাহা অপূরণীয়। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা ও সহানুভূতি জ্ঞাপন করিতেছি এবং তাঁহার স্বর্গত আত্মার কল্যাণ কামনায় শ্রীভগবানের নিকট ঐকান্তিক প্রার্থনা করিতেছি।

এই প্রসঙ্গে সর্ব্বসম্মতিক্রমে এই প্রস্তাব গৃহীত হইল যে জঙ্গীপুর মহকুমা সদর হাসপাতালে 'অক্সিজেন সিলিণ্ডার' থাকা সত্ত্বেও বিশেষ প্রয়োজনে এবং যথোচিত চেষ্টা করিয়াও তাহা পাওয়া যায় না। ইহার ফলে সহরে সম্প্রতি দুইটি আকস্মিক মৃত্যু ঘটিয়াছে। কি অবস্থায় ও কোন্ সর্তে তাহা পাওয়া সম্ভব তাহা জানিবার জন্য আমরা উর্ধতন কর্তৃপক্ষের সহিত পত্রালাপ করিব। এ বিষয় জঙ্গীপুরের বিভিন্ন প্রতিষ্ঠানের সহানুভূতি লাভের জন্য আমরা আবেদন করিতেছি।

( স্বাক্ষর ) শ্রীরাধাগোবিন্দ সরকার

১লা মাঘ, ১৩৬০

## কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

**জঙ্গীপুর**

স্থান—ম্যাকেঞ্জি পার্ক, রঘুনাথগঞ্জ

তারিখ—**১০ই ফেব্রুয়ারী হইতে ১৫ই ফেব্রুয়ারী পর্য্যন্ত**


থিয়েটার, যাত্রা, কবিগান, বিচিত্রানুষ্ঠান, সার্কাস, ম্যাজিক প্রভৃতি প্রমোদানুষ্ঠান।

বিশেষ আকর্ষণ—**জঙ্গীপুর শ্রী, শিশু প্রদর্শনী ও পরিপূরক খাদ্য প্রতিযোগিতা।**

আধুনিক কৃষি ও শিল্প-সংক্রান্ত যন্ত্রপাতি এবং পণ্যদ্রব্যের বিরাট সমাবেশ, কৃষি, শিল্প ও স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতা হইবে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় কৃষি অফিস, ইউনিয়ন বোর্ড অফিস অথবা মহকুমা শাসক, জঙ্গীপুরের সহিত যোগাযোগ স্থাপন করুন।


পূর্ণপাত্র শূন্য হয়ে আসে ধীরে ধীরে



মৃত্যুর নিকষকালো তিমিরাবরণ ভেদ ক'রে — মৃত্যুঞ্জয়ীবীরদের অমর বাণী ভেসে আসছে অনির্বাণ জ্যোতিতে যুগে যুগে মানবসভ্যতাকে বর্ব্বরতার সঙ্কট থেকে পরিত্রাণ দিতে। বুদ্ধ, সক্রেটিস্, শেক্‌সপীয়র, রবীন্দ্রনাথ — সভ্যতার বন্দনীয় পূজারীর দল আজও আছেন অক্ষয় আলোকে বেঁচে মানব ইতিহাসের মণিময় হর্ম্মো। কালের অমোঘ নিষ্ঠুর হস্তে চূর্ণ বিচূর্ণ হ'য়ে গেছে অগণিত ইতিবৃত্তের ভঙ্গুর তুচ্ছ খেলনা; নামহীন কীর্ত্তিহীন অন্ধকারের অতলে তলিয়ে গেছে কত কত সভ্যতার বিজয়োদ্ধত তোরণ; তবুও সভ্যতার অমরদীপবর্ত্তিকা হাতে ইতিহাসকে যে এগিয়ে নিয়ে চলেছে অনন্ত আলোকে, বিচিত্র ধারায়, নব নব সম্ভাবনার পথে; মৃত্যুর মুখ থেকে যে ছিনিয়ে নিয়ে চলেছে জ্ঞানের অমৃতভাণ্ডকে ভাবীকালের মানব বংশীয়দের জন্য—সেই মহান্ উদার, সভ্যতার সুহৃৎ অন্যকেউ নয়, সে আমাদের অতিপরিচয়ের সীমারেখাবদ্ধ — কাগজ

M.P. 643

**রঘুনাথ দত্ত এণ্ড সন্স**

সর্ব্বপ্রকার কাগজ ও ছাপার কালি বিক্রেতা

"ভোলানাথ ধাম"—৩৩/২, বিডন স্ট্রীট, ও ২৭ [illegible] স্ট্রীট—কলিকাতা; [illegible] পটুয়াটুলি ঢাকা



## অপেরীণ




ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কলকাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

৪৩৮ থাং ডিঃ উমানাথ সিংহ দেং তোজাম্মল হোসেন মিঞা দাবি ১৯৩, থানা রঘুনাথগঞ্জ, মৌজে ধলো ১৪ শতকের কাত ॥৶৩ আঃ ৫৲ খং ১৭৭ রায়ত স্থিতিবান।

৪৪৩ থাং ডিঃ ঐ দেং আলিসাননেসা বিবি দাবি ১৪।/৩ মৌজাদি ঐ ৮৩ শতকের কাত ২৸৶৮ আঃ ৫৲ খং ২১৩ রায়ত স্থিতিবান।

৪৩৯ থাং ডিঃ ঐ দেং ওহাব সেখ দিং দাবি ১৪॥৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ৫ শতকের কাত ।৶০ আঃ ৫৲ খং ২৬৪ রায়ত স্থিতিবান।

৪৪১ থাং ডিঃ ঐ দেং নকড়িচন্দ্র সাহা দিং দাবি ১৭॥০ থানা ঐ মৌজে আমগাছি ৫৮ শতকের কাত ৩।৩ আঃ ৫৲ খং ১৯৬ রায়ত স্থিতিবান।

৫০৭ থাং ডিঃ কার্ত্তিকচন্দ্র সরকার দেং জালাল মণ্ডল দাবি ২৪।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে খড়কাটী ৪৯ শতকের কাত ৩৶০ আঃ ১০৲ খং ২৩৩ রায়ত স্থিতিবান।

৫৮৫ থাং ডিঃ সেঃ মৃগাঙ্কভূষণ চক্রবর্ত্তী দেং রস্মিনী সেখ দিং দাবি ২০৸/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রাণীনগর ৩২ শতকের কাত ৸০ আঃ ৫৲ খং ৪৩৯।২ কোর্ফা স্বত্ব।

১২০ থাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দিং দেং কিশোরীমোহন দাস দাবি ৩৩।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ৬১ শতকের কাত ৪৸/০ আঃ ১০৲ খং ৫৫ রায়ত স্থিতিবান।

২০৮ থাং ডিঃ ঐ দেং পুলিন মণ্ডল দিং দাবি ৫৮৶৬ থানা ঐ মৌজে সুজাপুর ১-২৭ শতকের কাত ২॥৶০ আঃ ১০৲ খং ১৮৮ অধীনস্থ খং ১৮৯ রায়ত স্থিতিবান।

২১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৬৶৯ মৌজাদি ঐ ১-৫৯ শতকের কাত ৯।/৫ আঃ ১০৲ খং ৮৬ রায়ত স্থিতিবান।

২০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৭৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ২-৩৩ শতকের কাত ৭।০ আঃ ২০৲ খং ১৮৬ রায়ত স্থিতিবান।

২১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৩॥৶৬ মৌজাদি ঐ ৩-৩৪ শতকের কাত ১৫৲১ পাই আঃ ৩০৲ খং ১৮৭ রায়ত স্থিতিবান।

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২২শে ফেব্রুয়ারী ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩২১ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সহদেব দাস দিং দাবি ৬৬৸৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে জাফরাবাদ ৩৫॥০৲৫ জমির কাত ২৭।/৮ আঃ ৫০৲

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ৮ই মার্চ্চ ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

২৮১ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং লোকমান বিশ্বাস দিং দাবি ১০৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর ৭-৯৩ শতকের কাত ১৪।১৪ ডিক্রিদারগণের নিজাংশে ৪৸৪॥— আঃ ২৫৲ খং ১৭৩ রায়ত স্থিতিবান।

২৮২ থাং ডিঃ ঐ দেং লোকমান বিশ্বাস দিং দাবি ১১৪৲৬ মৌজাদি ঐ ৬-৬৬ শতকের কাত ১৪।১০। ডিক্রিদারের নিজাংশে ৪৸৩। আঃ ১৫৲ খং ১৭৫ রায়ত স্থিতিবান।

২৮৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৭।/৬ মৌজাদি ঐ ৩-৬৭ শতকের কাত ৫৸৶০ ডিক্রিদারের নিজাংশে ১৸৶১৩।— আঃ ১০৲ খং ১৭৬ রায়ত স্থিতিবান।

২৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬১৸৩ মৌজাদি ঐ ৯৭ শতকের কাত ৪৲১৭॥ ডিক্রিদারের নিজাংশে ১।/১২॥ আঃ ১০৲ খং ১৭৭ রায়ত স্থিতিবান।

৪৮ মনি ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং জয়নাল মণ্ডল দাবি ৩৭০৸/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর বাগডাঙ্গা ৫-৩৪ শতক মধ্যে দেন্দারের ৫৮ শতকের কাত ১।/০ আঃ ১০৲ খং ২৮৯ ২নং লাট মৌজাদি ঐ ১৭-৪৬ শতক মধ্যে দেন্দারের ৯৬ শতকের কাত ।৫ পাই আঃ ৩০৲ খং ১০ ৩নং লাট মৌজাদি ঐ ১৩-৪০ শতক মধ্যে দেন্দারের ১-৬৮ শতকের কাত ॥৶০ আঃ ৫০৲ খং ২২

৫২ মনি ডিঃ ঐ দেং আইউব মণ্ডল দাবি ২৫২/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর বাগডাঙ্গা ৫-৩৪ শতক মধ্যে দেন্দারের ৫৮ শতকের কাত ১।/০ আঃ ১০৲ ২নং লাট ১৭-৪৬ শতক মধ্যে দেন্দারের ৯৬ শতকের কাত ।৫ আঃ ৩০৲ ৩নং লাট ১৩-৪০ শতক মধ্যে দেন্দারের ১-৬৮ শতকের কাত ১।/০ আঃ ৫০৲ খং ২২

১৯৫৪ সালের ডিক্রীজারী

১ থাং ডিঃ ভুজঙ্গভুষণ দাস দিং দেং দামিনী সুন্দরী দাসী দাবি ২০॥৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাহুড়া ১১ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ২৩ রায়ত স্থিতিবান।

৩ থাং ডিঃ ঐ দেং কৃষ্ণবল্লভ দাস দিং দাবি ৩১।/ থানা ঐ মৌজে হুদরাপুর ৬১ শতকের কাত বৃদ্ধিসহ ৩।৬ আঃ ১০৲ খং ১৬ রায়ত স্থিতিবান।

৪ থাং ডিঃ ঐ দেং ভক্তিভূষণ দাস দিং দাবি ২৪৩।৪ থানা ঐ মৌজে সাহাজাদপুর ও বড়শিমুল ১০-৯৭ শতকের কাত ৩৯৶৭ পাই আঃ ৫০৲ খং ২৪৯, ৪৯৯ রায়ত স্থিতিবান।


২০ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ দে ওরফে ভোলানাথ দে দিং দাবি ২৭।৶০ থানা ঐ মৌজে জঙ্গিপুর ৪ শতকের কাত ৯৲ ডিক্রিদারগণের নিজাংশে ৪॥০ টাকা আঃ ৮৲ খং ৬৬০ রায়ত স্থিতিবান।

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৫ই মার্চ্চ ১৯৫৪

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৯ থাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেং সুবাসিনী সরকার দিং দাবি ৭৮৲ থানা সাগরদীঘি মৌজে বিনোদ ৩-৯৭ শতকের কাত ১২৲ আঃ ২০৲ খং ২

---




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৶০ আনা।

সোল এজেন্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

বিশ্বস্ত প্রতিষ্ঠান

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।